

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-৩০

তারিখঃ ১০/১১/২০০৯ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলী ব্যাংক
ও
সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অন্ট্রাপ্যানারশীপ ফান্ড (ইইএফ) ।

কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ খাতে ইইএফ সহায়তা প্রদানের জন্য আগ্রহী উদ্যোক্তাগণের নিকট হতে সম্প্রতি আবেদনপত্র আহ্বান করা হয় । নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্তৃক যাচাই-বাছাই করা হয় এবং যোগ্য প্রকল্পসমূহের উদ্যোক্তাগণকে তাঁদের প্রকল্পের প্রকল্প প্রস্তাবনা কোন তফসিলী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে মূল্যায়ন করিয়ে প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন আইসিবিতে প্রেরণের পরামর্শ প্রদান করা হয় ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যথাযথ সুপারিশসহ প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন আইসিবিতে প্রেরণ করতে অনীহা প্রকাশ করছে । ফলে একুইটি এন্ড অন্ট্রাপ্যানারশীপ ফান্ড ব্যবহারের ক্ষেত্রে অনভিপ্রেত সমস্যার সৃষ্টি হচ্ছে ।

বর্ণিত অবস্থায় আইসিবি কর্তৃক যোগ্য ঘোষিত উদ্যোক্তাগণের প্রকল্প প্রস্তাবনা মূল্যায়ন করে যথাযথ সুপারিশসহ প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন আইসিবিতে প্রেরণের ক্ষেত্রে সহযোগিতা প্রদানের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১৬৩৬৫০